দৈনিক
ইনকিলাব

তারিখ ... 26 AUG 2009 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৩ ...

টিচার্স ট্রেনিং কলেজ

# শিক্ষক পদোন্নতি ও পদায়নে অনিয়মের অভিযোগ

স্টাফ রিপোর্টার

টিচার্স ট্রেনিং কলেজগুলোতে শিক্ষক পদোন্নতি ও পদায়নে অনিয়মের অভিযোগ উঠেছে। সরকার সম্প্রতি সরকারী কলেজের শিক্ষকদের পদোন্নতি প্রদান করলেও সরকারী টিচার্স ট্রেনিং কলেজগুলোর শিক্ষকদের এ সুযোগ থেকে বঞ্চিত করা হয়েছে বলে জানা গেছে। সূত্র মতে, সাধারণ সরকারী কলেজগুলোর ১৬তম ব্যাচের কর্মকর্তাদের সহযোগী অধ্যাপক এবং নবম ব্যাচের কর্মকর্তাদের অধ্যাপক পদে পদোন্নতি দেয়া হলেও ট্রেনিং কলেজগুলোর কর্মকর্তারা সে সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন। কোন কোন বিষয়ে পদ না থাকা সত্ত্বেও ইনসিটো প্রমোশন দেয়া হয়েছে। অধ্যাপক পদে টিচার্স ট্রেনিং কলেজগুলোতে

পৃঃ ৫ কঃ ৪

## টিচার্স ট্রেনিং কলেজ

২০-এর পৃষ্ঠার পর

বিএডবিহীন কোন শিক্ষককে পদায়ন না করার কথা থাকলেও নতুন প্রমোশনে অধ্যক্ষ করা হয়। এতে বর্তমানে সপ্তম ব্যাচের কর্মকর্তাগণ যারা উপাধ্যক্ষ হিসেবে কর্মরত আছেন তাদের আর প্রমোশনের সুযোগ থাকল না বলে মনে করা হচ্ছে। এদের মধ্যে কোন কোন উপাধ্যক্ষ দক্ষতার সাথে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবেও দীর্ঘদিন ধরে দায়িত্ব পালন করে আসছিলেন। অথচ তাদের ফিডার সার্ভিস পূর্ণ হওয়া সত্ত্বেও তাদের পদোন্নতি থেকে বঞ্চিত করা হয়েছে। এছাড়া সরকারী টিচার্স ট্রেনিং কলেজগুলোতে অনেক ক্ষেত্রে বিষয়ভিত্তিক শিক্ষকরা মূল পদে না থেকে ভিন্ন পদের বিপরীতে অবস্থান করছেন। এমনিভাবে সাধারণ কলেজের অনেক শিক্ষক মূলপদে পদায়িত হতে না পারলেও যে কোন পদের বিপরীতে কলেজগুলোতে অবস্থান নিয়ে আছেন এবং সুযোগ-সুবিধা ভোগ করছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সাধারণ সরকারী কলেজসমূহের ১৬তম ব্যাচের অনেক কর্মকর্তা সহযোগী অধ্যাপক হিসেবে পদোন্নতি পেয়েছেন। কিন্তু টিচার্স ট্রেনিং কলেজগুলোতে ৭ম ও ১১তম ব্যাচের ১১ জন কর্মকর্তা দীর্ঘদিন ধরে সহকারী অধ্যাপক হিসেবে কর্মরত আছেন, যারা বর্তমানে পদোন্নতি না পেয়ে চরম হতাশায় নিমজ্জিত। তাদের পদ নেই এ দোহাই দিয়ে পদোন্নতি বঞ্চিত করা হয়েছে। সাধারণ কলেজের অনেক কর্মকর্তা টিচার্স ট্রেনিং কলেজগুলোতে পদোন্নতিতে পদায়ন পান, এখানে সারা জীবন চাকরি করে এখান থেকেই প্রমোশন নিয়ে পুনরায় এখানেই পদায়িত হয়েছেন। আবার ট্রেনিং কলেজে শুধু শিক্ষা বিষয়ের ১টি সহযোগী অধ্যাপক পদ আছে। তাই ট্রেনিং কলেজের সাধারণ বিষয়ভিত্তিক সহকারী অধ্যাপকরা সংশ্লিষ্ট বিষয়ে সাধারণ কলেজে প্রমোশন পাওয়ার অনেক নজির আছে বলে সূত্র জানায়। কিন্তু সাধারণ কলেজের কর্মকর্তাদের টিচার্স ট্রেনিং কলেজগুলোতে পদোন্নতি ও পদায়ন করা হলেও বিগত কয়েক বছর যাবত তাদের আর পূর্বের সংশ্লিষ্ট বিষয়ে সাধারণ কলেজে প্রমোশন না দিয়ে বঞ্চিত করা হচ্ছে। ফলে দীর্ঘদিন ধরে কর্মরত সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপকরা এবং একই সাথে নবনিযুক্ত প্রভাষকরাও তাদের ভবিষ্যৎ নিয়ে চরম হতাশায় নিমজ্জিত বলে অভিযোগ রয়েছে।

তাছাড়া, টিচার্স ট্রেনিং কলেজগুলোতে দু'টি প্রকল্পের অধীনে (এসইএসডিপি ও এসইএসডিসি) শতাধিক কর্মকর্তা কর্মরত রয়েছেন। তার মধ্যে এসইএসডিপি প্রকল্পের কর্মকর্তাদের চাকুরি এখনো নিয়মিতকরণ হয়নি বলে জানা যায়। উভয় প্রকল্পের কর্মকর্তাদের চাকরি বিসিএস ক্যাডারভুক্ত না হওয়ায় তাদেরও পদোন্নতি প্রক্রিয়া আটকে আছে। এ বিষয়টি নিয়েও সংশ্লিষ্ট কর্মকর্তাদের মধ্যে তীব্র ক্ষোভ ও হতাশা বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায় সহযোগী অধ্যাপকদের অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করলে সহকারী অধ্যাপক পূর্বানুরূপ ট্রেনিং কলেজের কর্মকর্তাদের তাদের সংশ্লিষ্ট বিষয়ে সাধারণ কলেজে প্রমোশন প্রদান অব্যাহত রাখা, শিগগিরই নতুন পদ সৃষ্টি, প্রকল্পভুক্ত কর্মকর্তাদের চাকরি নিয়মিতকরণসহ পদোন্নতি প্রক্রিয়া গ্রহণ করে সরকারী ট্রেনিং কলেজগুলোর জন্য কার্যকরী অ্যাকশন প্ল্যান প্রণয়ন ও তা জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা দরকার বলে মনে করেন অভিজ্ঞমহল। অন্যথায় পদোন্নতি বঞ্চিত এসব কর্মকর্তা তাদের কর্মস্পৃহা হারিয়ে ফেললে জাতি এ শিক্ষক গড়ার প্রতিষ্ঠানের যথার্থ সেবা থেকে বঞ্চিত হবে।